# নির্বাচনী আচরণবিধি নিশ্চিতকরণে মোবাইল কোর্ট পরিচালনা

তানভীর আহমেদ

যুগ্মসচিব (জেলা ম্যাজিস্ট্রেসি)

মন্ত্রিপরিষদ বিভাগ

# দণ্ডবিধি ১৮৬০
# (Penal Code 1860)

| ধারা | অপরাধ | দণ্ড | মন্তব্য |
|---|---|---|---|
| 171E | Punishment of bribery (ঘুষের সাজা) | সর্বোচ্চ এক বছর কারাদণ্ড বা অর্থদণ্ড অথবা উভয় দণ্ড (তবে আপ্যায়নের মাধ্যমে ঘুষ দেয়া হলে শুধুমাত্র অর্থদণ্ড) | ঘুষের বিবরণ রয়েছে দণ্ডবিধির 171B ধারায় |
| 171F | Punishment for undue influence or personation at an elections (নির্বাচনে অবৈধ প্রভাব বিস্তার বা ছদ্মবেশ ধারণের সাজা) | সর্বোচ্চ এক বছর কারাদণ্ড বা অর্থদণ্ড অথবা উভয় দণ্ড | নির্বাচনে অবৈধ প্রভাব বিস্তারের বিবরণ রয়েছে দণ্ডবিধির 171C ধারায় এবং ছদ্মবেশ কি-সে সম্পর্কে বলা হয়েছে 171D ধারায় |
| 171G | False statement in connection with an election (নির্বাচন সংক্রান্ত মিথ্যা বিবৃতি প্রদান) | অর্থদণ্ড | - |
| 171H | Illegal payments in connection with an election (নির্বাচন সম্পর্কিত অবৈধ অর্থ প্রদান) | সর্বোচ্চ পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ড | - |
| 171-I | Failure to keep election accounts (নির্বাচনী ব্যয়ের হিসাব রাখার ব্যর্থতা) | সর্বোচ্চ পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ড | - |

# গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২

# (Representation of the People Order, 1972)

| ধারা | অপরাধ | দণ্ড | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| 73, 73A, 75, 76, 77 | বিবরণী বর্হিভুত ব্যয়, নির্বাচনে অবৈধ প্রভাব বিস্তার, ঘুষ আদান-প্রদান, ছদ্মপরিচয়, মিথ্যা/ বিভ্রান্তিকর তথ্য বা বিবৃতি প্রদান/প্রচার, ধর্ম-গোত্র পরিচয়ের অপব্যবহার, ভোটারের জন্য যানবাহন, ভোটকেন্দ্র ত্যাগ করানো, ইত্যাদি | অনধিক সাত বৎসর এবং অন্যূন দুই বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদন্ড | মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য নয় |
| 74 | ব্যয়ীণরববরি বিধান লংঘন, কর্মচারীদের প্ররোচিতকরণ, অবৈধ ভোট, একাধিকবার ভোট দেয়া, ব্যালট পেপার অপসারণ, উক্ত কাজসমূহে প্ররোচনা-সহায়তা, ইত্যাদি | অনধিক সাত বৎসর এবং অন্যূন দুই বৎসরের সশ্রম কারাদন্ড এবং অর্থদণ্ড। | মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য নয় |
| 78 | নিষিদ্ধ সময়ে জনসভা, মিছিল, শোভাযাত্রা আয়োজন/যোগদান, বিশৃংখলা, হুমকি-ভীতি, অস্ত্র/শক্তি প্রদর্শণ, ইত্যাদি | অনধিক সাত বৎসর এবং অন্যূন দুই বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ড। | মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য নয় |
| 79 | ভোট গ্রহণের দিনে কেন্দ্রের ৪০০ গজের মধ্যে প্রচারণা/ভোট প্রার্থণা/নিষেধ/প্ররোচনা এবং ১০০ গজের বাইরে নির্ধারিত স্থান ব্যতীত ব্যানার, প্রতীক, ইত্যাদি প্রদর্শণ | অনধিক তিন বৎসর ও অন্যূন ছয়মাস কারাদন্ড এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য |
| 80 | ভোট গ্রহণের দিনে কেন্দ্রের আশপাশে শব্দযন্ত্র ব্যবহার, অনবরত চিৎকার, ভোটারকে বিরক্ত/অসন্তোষ, নির্বাচনী কর্মকর্তার দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি, উপরোক্ত কাজে সহায়তা | অনধিক তিন বৎসর এবং অন্যূন ছয় মাসের কারাদন্ড এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য |

| ধারা | অপরাধ | দণ্ড | মন্তব্য |
|---|---|---|---|
| 81 | ব্যালট পেপার/সিল বিকৃত/নষ্ট, ব্যালট বাইরে নেয়া, অন্য ব্যালট পেপার বাক্সে প্রবেশ, বেআইনীভাবে ব্যালট পেপার সরবরাহ, ব্যালট বাক্স/খাম/সিল/ডিভাইস/সরঞ্জাম বিনষ্ট বা অবৈধ হস্তক্ষেপ, ব্যালট পেপার/চিহ্ন জাল, নির্বাচনী কাজে বা ভোট গ্রহণ ও গণনায় হস্তক্ষেপ, এজেন্ট বিতারণ, ব্যালট/ভোট কেন্দ্র/কক্ষ দখল, ইত্যাদি | অনধিক সাত বৎসর এবং অন্যূন তিন বৎসরের সশ্রম কারাদন্ড এবং অর্থদণ্ড। নির্বাচনী দায়িত্ব পালনরত কর্মচারী উল্লিখিত অপরাধ করলে অনধিক দশ বৎসর এবং অন্যূন তিন বৎসরের সশ্রম কারাদন্ড এবং অর্থদণ্ড। | মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য নয় |
| 82 | ভোটারকে ভোটদানে বাধা এবং ভোটারের ভোট প্রদানের তথ্য/গোপনীয়তা লঙ্ঘন | অনধিক পাঁচ বৎসর অন্যূন এক বৎসর কারাদন্ড এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য |
| 83 | নির্বাচনী কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রার্থী কর্তৃক এজেন্টে ভোটের গোপনীয়তা রক্ষা করতে ব্যর্থ হওয়া বা অননুমোদিতভাবে তথ্য সরবরাহ | অনধিক পাঁচ বৎসর এবং অন্যূন এক বৎসরের কারাদন্ড এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য; কমিশনের অনুমতি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত অভিযোগ আবশ্যক |
| 84 | নির্বাচন পরিচালনা বা আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে থেকে ভোটারকে প্ররোচিত, নিবৃত্ত বা প্রভাবিত কিংবা ফলাফল প্রভাবিত করার উদ্দেশ্যে কোনো কার্য করা | অনধিক পাঁচ বৎসর এবং অন্যূন এক বৎসরের কারাদন্ড এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য; কমিশনের অনুমতি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত অভিযোগ আবশ্যক |
| 84A | নির্বাচন সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, গণমাধ্যম প্রতিনিধি বা পর্যবেক্ষককে হুমকি, বলপ্রয়োগ বা বাধা প্রদান, ভোটপ্রদান এবং প্রার্থীর মনোনয়ন জমার বিষয়ে বাধা/প্রতিবন্ধকতা, ইত্যাদি | অনধিক সাত বৎসর ও অন্যূন দুই বৎসরের সশ্রম কারাদন্ড এবং অর্থ দণ্ড। | মোবাইল কোর্ট কর্তৃক বিচার্য নয় |

| ধারা | অপরাধ | দণ্ড | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| 85 | নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত ব্যক্তি কর্তৃক ইচ্ছাকৃত ও অযৌক্তিকভাবে দায়িত্ব লঙ্ঘন | অনধিক এক বৎসরের কারাদন্ড এবং অনধিক পাঁচ হাজার টাকা অর্থদন্ড, বা উভয়দণ্ড | মোবাইল কোর্টে বিচার্য; তবে কমিশনের অনুমতি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত অভিযোগ আবশ্যক |
| 86 | নির্বাচনের ফলাফল প্রভাবিত করার উদ্দেশ্যে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ব্যক্তির সরকারি পদমর্যাদার অপব্যবহার | অনধিক পাঁচ বৎসর এবং অন্যূন এক বৎসরের কারাদন্ড, এবং অর্থদণ্ড | মোবাইল কোর্টে বিচার্য; তবে কমিশনের অনুমতি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার লিখিত অভিযোগ আবশ্যক |
| বিধি ২৭(ক) | **সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫** এর যে কোনো বিধি লংঘন (প্রার্থীর ক্ষেত্রে)। | অনধিক ৬ (ছয়) মাসের কারাদন্ড অথবা অনধিক ১ (এক) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দন্ড | মোবাইল কোর্টে বিচার্য। Representation of the People Order, 1972 এর Article 91B (3) এবং বিধি ২৭ মোতাবেক দণ্ডারোপ করতে হবে |
| বিধি ২৭(খ) | **সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫** এর যে কোনো বিধি লংঘন (রাজনৈতিক দলের ক্ষেত্রে) | অনধিক ১ (এক) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড | মোবাইল কোর্টে বিচার্য। Representation of the People Order, 1972 এর Article 91B (3) এবং বিধি ২৭ মোতাবেক দণ্ডারোপ করতে হবে |

# মোবাইল কোর্ট আইনের কতিপয় বিধানের প্রয়োগ/ব্যাখ্যা

- **<u>তফসিলভুক্ত আইনের অধীন বিধিতে উল্লিখিত অপরাধ প্রসঙ্গ:-</u>**

ধারা ৬(২) তফসিলে বর্ণিত কোন আইনের অধীন প্রণীত বিধি, প্রবিধি বা আদেশের অধীন কোন অপরাধ উক্ত আইনের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে।

## ❑ মোবাইল কোর্টে কোন কোন অপরাধ আমলযোগ্য সে বিষয়ে স্পষ্টিকরণ:-

❑ ৬। (১) ধারা ৫ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ধারা ১১ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আইন শৃংখলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করিবার সময় তফসিলে বর্ণিত আইনের অধীন কোন অপরাধ, যাহা কেবল **জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য,** তাহার সম্মুখে সংঘটিত বা উদ্ঘাটিত হইয়া থাকিলে তিনি উক্ত অপরাধ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলেই আমলে গ্রহণ করিয়া অভিযুক্ত ব্যক্তিকে, স্বীকারোক্তির ভিত্তিতে, দোষী সাব্যস্ত করিয়া, এই আইনের নির্ধারিত দণ্ড আরোপ করিতে পারিবেন।

❑ ৬ (৩) তফসিলে বর্ণিত কোন আইনের অধীন কোন অপরাধ কোন্ আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক বিচার্য হইবে তাহা **উক্ত আইনে নির্ধারণ করা না থাকিলে, ফৌজদারী কার্যবিধির ধারা ২৯ এর সংশ্লিষ্ট দ্বিতীয় তফসিলের অষ্টম কলাম অনুযায়ী নির্ধারিত আদালত কর্তৃক উক্ত অপরাধ বিচার্য বলিয়া গণ্য হইবে** এবং যদি অনুরূপ কোন অপরাধ বিচার করিবার এখতিয়ার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং প্রথম, দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের না থাকে, তাহা হইলে উক্ত অপরাধ, তফসিলে বর্ণিত আইনের অধীন অপরাধ হওয়া সত্ত্বেও, এই আইনের অধীন আমলে গ্রহণ করিয়া দণ্ড আরোপ করিবার এখতিয়ার এই আইনের অধীন মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের থাকিবে না।

- **ধারা ৬(৩) এর ব্যাখ্যা:-** অপরাধের সাজার সর্বোচ্চ পরিমাণ যদি পাঁচ বছরের অধিক না হয় অথবা শুধু জরিমানার বিধান থাকে, তবে সে অপরাধ মোবাইল কোর্টে বিচার্য হবে। [ধারা ৬(৩) এ উল্লিখিত সিআরপিসি'র ২৯ ধারা এবং সংশ্লিষ্ট Second Schedule: Column- 8 এর বিধান দ্রষ্টব্য।]

## ❑মোবাইল কোর্টের মাধ্যমে দণ্ড প্রদান না করে নিয়মিত মামলা/এজাহার দায়েরঃ-

❑ ধারা ৬(৪) মোবাইল কোর্ট পরিচালনা করিবার সময় যদি অনুরূপ কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নিকট এইরূপ মনে হয় যে, অপরাধ স্বীকারকারী ব্যক্তির সংশ্লিষ্ট অপরাধ এমন গুরুতর যে, এই আইনের অধীন নির্ধারিত দণ্ড আরোপ করা হইলে উহা যথোপযুক্ত দণ্ডারোপ হইবে না, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে দণ্ড আরোপ না করিয়া তাহার বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের ব্যবস্থা করিবেন।

❑ধারা ৬(৫) মোবাইল কোর্ট পরিচালনা করিবার সময় যদি এইরূপ কোন অপরাধ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এর সন্মুখে সংঘটিত বা উদ্ঘাটিত হয়, যাহা সেশন আদালত কিংবা অন্য কোন উচ্চতর বা বিশেষ আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক বিচার্য, তাহা হইলে মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ এজাহার হিসাবে গণ্য করিবার জন্য সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন।

# ধন্যবাদ